গাংনীতে দেড় লাখ টাকার বিনিময়ে বড় বোনকে সংসার করতে দিলেন মমতাজ

গাংনীর বেতবাড়িয়া গ্রামে শ্যালিকার সাথে পরোকিয়া প্রেম করে গুনলেন দেড় লাখ টাকা অর্থদন্ড। গ্রাম্য শালিসে স্থানীয় ইউপি সদস্যের শালিস বিচারে এ অর্থদন্ড করা হয়। শালিস বৈঠক চলাকালিন সময়ে সৃষ্ঠ সংঘর্ষে অন্তত ২ জন আহত হয়েছেন।

কাজীপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ডে সদস্য সাইদুল ইসলাম গতকাল শুক্রবার বিকালে তার নিজ বাড়ি বেতবাড়িয়া এ শালিস বৈঠক করেন। শালিসে জরিমানার সমস্ত টাকা ভূক্তভোগী নারীকে দিয়ে দেওয়া হয়েছে বলেও জানান মেম্বর সাইদুল ইসলাম।

জানা গেছে, বেতবাড়িয়া গ্রামের মোল্লাপাড়া এলাকার সাহাবুল ইসলাম তার স্বামী পরিত্যক্তা শ্যালিকা মমতাজ বেগমকে পরোকিয়া প্রেমের কারণে ৭ দিন আগে বাড়ি থেকে অজানার উদ্দেশ্যে চলে যায়। পরে সাহাবুল ইসলামের পরিবারের লোকজনকে চাপ প্রয়োগ করে গতকাল বৃহস্পতিবার (১২ মে) বাড়িতে ফিরিয়ে নিয়ে আসেন গ্রামের মেম্বর ও প্রধানরা।

শুক্রবার বিকালে কাজিপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের সদস্য সাইদুল ইসলামের বাড়িতে শালিস বৈঠক অনুষ্ঠিত হয়। শালিসে কাজিপুর ইউনিয়নের কাজিপুর গ্রামের ২ নং ওয়ার্ডের মেম্বরফ ল চাঁদসহ এলাকার গণ্যমান্য ব্যাক্তিরা উপস্থিত ছিলেন।

শালিসে সাহাবুল ইসলামকে দেড় লাখ টাকা অর্থদন্ড করেন মেম্বর সাইদুল ইসলাম। শালিস বৈঠক চলাকালিন সময়ে বাকবিতন্ডার জের ধরে কাজিপুরের গ্রামের লোকজনকে পেটাতে থাকে বেতবাড়িয়া গ্রামের লোকজন।

এঘটনায় অন্ত ৪ জন আহত হয়েছেন। আহতদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

মেম্বর সাইদুল ইসলাম জানান, সাহাবুল ইসলাম মমতাজ খাতুনের দুলা ভাই। তার বড় বোন মনিরা খাতুনের সংসার করার সুযোগ করে দেওয়ার

জন্য জরিমানার দেড় লাখ নিয়ে সে বাবার বাড়ি কাজিপুর গ্রামে ফিরে যায়।

উল্লেখ্য, মমতাজ বেগমের বিয়ে হয়েছিল বেতবাড়িয়া গ্রামের সমুন হোসেন নামের এক জনের সাথে। দুজনের মধ্যে বনিবনা না হওয়ায় তার সংসার টেকেনি। পরে বোন মনিরার স্বামী সাহাবুল ইসলামের সাথে পরোকিয়া প্রেমে জড়িয়ে পড়ে। পরে ঘর বাঁধার জন্যই দুজন দুজনার হাত ধেরে বাড়ি ছেলে পালিয়ে যায়।

আমঝুপিতে চুন্নু, বারাদিতে মোমিন, পিরোজপুরে বাবলু বিশ্বাস, শ্যামপুরে রব বিশ্বাস

মেহেরপুর সদর উপজেলার চারটি ইউনিয়নের নির্বাচনে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন দেওয়া হয়েছে।

এতে আমঝুপিতে বর্তমান চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দিন চুন্নু, পিরোজপুরে বর্তমান চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, বারাদিতে সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম, শ্যামপুরে সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রব বিশ্বাস।
শুক্রবার আওয়ামী লীগের মনোনয়ন বোর্ড এ ঘোষনা দেয়। আগামী ১৫ জুন এই চারটি ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হবে।

গাংনীর চরগোয়াল গ্রামে স্ত্রী

ও প্রতিবন্ধী শ্যালককে কুপিয়ে জখম

এতদিন পান চুন খসলেই নিজ স্ত্রীকে পিটিয়ে জখম করতো পাষন্ড স্বামী। এবার স্ত্রীর সাথে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করেছে প্রতিবন্ধী শ্যালক আমিরুল ইসলাম (২২) কে। আহত আমিরুল ইসলাম বর্তমানে গাংনী উপজেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। সে গাংনী উপজেলার চরগোয়ালগ্রামের মালিথাপাড়া এলাকার মজিবুর রহমানের ছেলে।

শুক্রবার (১৩ মে) সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে প্রতিবন্ধী আমিরুল ইসলাম তার বোন রুনা খাতুনকে একই গ্রামে তার দুলাভাই ইয়ারুল ইসলামের বাড়িতে রাখতে গেলে এ হামলার ঘটনা ঘটে। আমিরুলের বাবা মজিবুর রহমান জানান, আমার একমাত্র মেয়ে রুনা খাতুনকে একই গ্রামের ইয়ারুল ইসলামের সাথে বিয়ে হয়েছে প্রায় ৬ বছর আগে। বিয়ের পর থেকেই যৌতুকের জন্য আমার মেয়েকে নির্যাতন করে আসছে। আমি তার দাবীর কারণে শেষ সম্বল মাত্র দু কাঠা জমি বিক্রি করে তাকে তুলে দিয়ছি। তারপরেও তার কাছে আমার মেয়ে ভাল হতে পারেনি। আমার প্রতিবন্ধী ছেলে মেয়ের সাথে জামাই বাড়ি গেলে জামাই ইয়ারুল ইসলাম তাকে গালাগালি করে। এক পর্যায়ে ধারালো হাসুয়া দিয়ে তাকে কুপিয়ে রক্তাক্ত করে। পরে তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিই।

গাংনী উপজেলা হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত স্যাকমো শরীফুল ইসলাম জানান, প্রতিবন্ধী আমিরুল ইসলামের ডান হাত কেটে গেছে। হ্মতস্থানে কয়েকটি শেলাই হয়েছে। প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে গেছে আমিরুল। এদিকে রুনার পিতা মজিবুর রহমান জানান, জামাইয়ের বিরুদ্ধে প্রতিবন্ধী ছেলেকে রক্তাক্ত ও মেয়েকে নির্যাতনের জন্য মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন বলে জানান তিনি।

গাংনীতে বজ্রপাতে দুই নারীসহ তিনজন আহত, একটি গরুর মৃত্যু

গাংনী উপজেলার পৃথক তিনটি গ্রামে বজ্রপাতে দুই নারীসহ তিনজন আহত হয়েছেন। এছাড়া একটি গরুর মৃত্যু ও দুটি গাছ পুড়ে গেছে।

আজ শুক্রবার বিকেল সাড়ে পাঁচ টার দিকে বামন্দী ইউনিয়নের রামনগর পশ্চিমপাড়া এলাকায় কৃষক আব্দুর রশিদ ঝড় ও বৃষ্টির সময় একটি গরু গাছের সাথে বাঁধতে যান। এসময় হঠাৎ বজ্রপাত হলে গরুটি ঘটনাস্থলেই মারা যায়। মারাত্বক আহত হন কৃষক আব্দুর রশিদ (৬০)। এছাড়া ওই নারিকেল গাছের মাথার অংশ পুড়ে যায়। আব্দুর রশিদ ওই গ্রামের মৃতু চাঁদ মহম্মদ বিশ্বাসের ছেলে। আব্দুর রশিদ বাড়িতে নারকেল গাছের সাথে গুরুবাধতে গেলে নারিকেল গাছের উপর ও গরুর গায়ের উপর বজ্রপাত হয় । তাৎক্ষণিক গরুর এক পাশে নাড়িভুঁড়ি বেরিয়ে যাওয়ার উপক্রম হয় এবং গরুটি মারা যায়। এদিকে সন্ধ্যা সাতটার দিকে গুড়ি গুড়ি বৃষ্টি ও দমকা হাওয়ার সাথে বজ্রপাত ঘটে গাংনী পৌর এলাকার পশ্চিম মালশাদহ গ্রামের লাল্টু হোসেনের স্ত্রী পিঞ্জিরা খাতুন (৪৪) ও একই উপজেলার বাথানপাড়া গ্রামের মখলেছুর রহমানের স্ত্রী আনোয়ারা খাতুন (৪৫) মারাত্বক আহত হয়েছেন। আহত আনোয়ারা ও পিঞ্জিরা খাতুন গাংনী হাসপাতালে প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরেছেন।

আহত পিঞ্জিরা জানান, সন্ধ্যার দিকে ঝড় ও বৃষ্টির স্থে দমকা হচ্ছিল। হঠাৎ বিকট শব্দে বজ্রপাত ঘটে আমার বাড়ির শিড়ি ঘরের উপরে। আগুনের কুন্ডুলির মত বস্তু উঠানে গড়াগড়ি খাচ্ছিল দেখে আমি জ্ঞান হারিয়ে ফেলি। পরে প্রতিবেশীরা উদ্ধার করে হাসপাতালে নেন আমাকে। তার বাড়ির উপরে একটি গাছ পুড়ে গেছে বলেও জানান পিঞ্জিরা খাতুন। একই সময় বাথানপাড়া গ্রামের আনোয়ারা খাতুন বাড়ির উঠানে কাজ করার সময় তার কিছুদুরে বজ্রপাত ঘটে। এসময় বিকট শব্দে সে অসুস্থ হয়ে পড়ে। গাংনী উপজেলা হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত স্যাকমো শরীফুল ইসলাম জানান, আহতদের অবস্থা ভাল আছেন। প্রাথমিক চিকিৎসা নিয়ে সুস্থ্য হয়ে সবাই বিা ফিরেছেন।

মেহেরপুর পৌর নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেলেন বর্তমান মেয়র রিটন

মেহেরপুর পৌর সভার নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেলেন বর্তমান মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

আজ শুক্রবার রাতে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়ন বোর্ডের সভা শেষে এ ঘোষনা দেওয়া হয়। মেহেরপুর পৌরসভায় মনোনয়ন পেতে ১১ জন প্রার্থী আওয়ামী লীগের দলীয় মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। অপর ১০ জনকে হারিয়ে মাহফুজুর রহমান রিটন মনোনয়ন জয় করেছেন।

মনোনয়নের জন্য অপর আবেদনকারী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, জেলা স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, মেহেরপুর শহর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইমতিয়াজ বিন হারুন জুয়েল, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য জয়নাল আবেদীনের সহধর্মিনী তহমিনা খাতুন ও পুত্র তানভীর আহম্দে রানা, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা যুবলীগের সদস্য সোয়েব রহমান, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি সাফুয়ান রুপক ও মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন।

বাংলাদেশ আওয়ামীলীগের দলীয় মনোনয়ন প্রত্যাশীদের নাম আহবান করলে মেহেরপুর জেলার এসব নেতা কর্মীরা গত ১১ মে সন্ধ্যা পর্যন্ত ফরম সংগ্রহ করেন। গত বৃহস্পতিবার ১২ মে আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে জমা দেন।
উল্লেখ্য, আগামী ১৫ জুন মেহেরপুর পৌর সভার নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামী ১৭ মে মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন।

দামুড়হুদার শহিদুল ইসলাম মার্কেটের লাকি কুপন ড্র’ অনুষ্ঠিত; পুরস্কার বিতরণ

দামুড়হুদা শহিদুল ইসলাম মার্কেটের লাকি কুপন ড্র’র পুরস্কার বিতরণ করা হয়েছে। শুক্রবার বিকেলে শহিদুল ইসলাম মার্কেট চত্বরে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে লাকি কুপন ড্র’ অনুষ্ঠিত হয়।

শহিদুল ইসলাম মার্কেটের ব্যবসায়ীদের আয়োজনে লাকি কুপন ড্র অনুষ্ঠানে মার্কেট মালিক আব্দুল আলিমের সভাপতিত্বে বিজয়ীদের হাতে পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানে প্রধান অতিথি দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শহিদুল ইসলাম, নজরুল ইসলাম ও ফজলুল হক। লাকি কুপন ড্র’র ভাগ্যবান ব্যক্তি ১ম পুরস্কার ফ্রিজ পেয়েছেন দামুড়হুদা বাজারপাড়ার মারিয়া খাতুন, সর্বশেষ ২০নং পুরষ্কার এলইডি টেলিভিশন পেয়েছেন ফকিরপাড়ার কাজল।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন মার্কেটের কসমেটিকস ব্যবসায়ী শাওন। অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিলেন মার্কেটের গার্মেন্টস ব্যবসায়ী ফরহাদ হোসেন মুন্না।

আলমডাঙ্গায় ১২টি গাঁজাগাছ সহ আটক ১

আলমডাঙ্গায় ১২ টি গাঁজা গাছসহ আব্দুস সোহবান (৪৫) নামের এক গাঁজা চাষীকে আটক করেছে পুলিশ। শুক্রবার বিকেলে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশ অভিযান চালিয়ে উপজেলার মাদারহুদা জিকে ক্যানেলের পাশ থেকে গাঁজা গাছ গুলো উদ্ধার করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মাদাহুদা গ্রামের

কৃষক আব্দুস সোহবান নামে এক ব্যাক্তি গোপনে গাঁজা চাষ করে আসছিলো। এছাড়াও সে জিকে ক্যানেলের পাশে অবস্থিত কুঁড়ে ঘরে গাঁজা সেবন ও বিক্রয় করে।

শুক্রবার বিকেলে মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। এসময় মাদারহুদা গ্রামের জিকে ক্যানেলের পাশ থেকে ১২ টি তাজা গাঁজার গাছ উদ্ধার করে। আটক করা হয় গাঁজা চাষী আব্দুস সোবহানকে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম জানান, গোপনে মাদারহুদা গ্রামে গাঁজা চাষ করছিলো। গোপন সংবাদের ভিত্তিতে ১২ টি গাঁজা গাছসহ চাষীকে আটক করা হয়েছে।

দামুড়হুদায় পুকুরের পানিতে ডুবে প্রতিবন্ধীর মৃত্যু

দামুড়হুদায় পুকুরের পানিতে ডুবে কদম আলী (৫০) নামের এক প্রতিবন্ধীর মৃত্যু হয়েছে। শুক্রবার সকাল দশটার দিকে নিজ বাড়ির সামনে পুকুরে গোসল করতে যেয়ে এ ঘটনা ঘটে। দামুড়হুদা উপজেলা হাউলি ইউনিয়ান জয়রামপুর ফকির পাড়া গ্রামে শ্বশুর বাড়িতে, প্রতিবন্ধী কদম আলী বসবাস করত।

কদম আলী দামুড়হুদা দশমী গ্রামের বসতি পাড়া ফজলু মন্ডলের ছেলে। কদম আলীর স্ত্রী বলেন আমি ঘরের কাজে ব্যস্ত ছিলাম, এ সময় আমর স্বামী গোসল করতে গিয়েছিলো।

বেশ কিছু সময় ধরে ফিরে না আসায় তাকে খোঁজাখুঁজি শুরু করে পরিবারের লোকজন। খোঁজাখুঁজি এক পর্যায়ে নিজ বাড়ির সামনে পুকুরে কদম আলীকে ভাসতে দেখেন এলাকায়বাসি। পরে তাকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়।

গ্রামবাসি জানান কিছুদিন আগে ড্রেজার মেশিন দিয়ে পুকুরটি পুনঃখনন করা হয়। পানির গভীরতা বেশি হওয়া ও কদম আলি সাতার না জানার কারণে

তার মৃত্যু হয়েছে।

দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু বলেন, কদম আলী একজন ভালো মানুষ ছিলো। অতি পরিচিত মুখ তার মৃত্যুতে এলাকায় নেমে আসে শোকের ছায়া।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ বলেন এ ঘটনায় এখনো পর্যন্ত কোনো অভিযোগ পাওয়া যায়নি।

টুয়েল সভাপতি, আলাউদ্দিন সাধারণ সম্পাদক

কোটচাঁদপুরে আমিন সমিতির দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। নির্বাচনে এস এম মনিরুল ইসলাম সরদার সভাপতি ও আলাউদ্দিন সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছে। শুক্রবার স্থানীয় আলামিন মাধ্যমিক বিদ্যালয়ে এ ভোট নেয়া হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, কোটচাঁদপুর উপজেলার ৫৪ জন আমিনকে নিয়ে কোটচাঁদপুর আমিন সমিতি। দুই বছর পর এ সমিতি’র নির্বাচন অনুষ্ঠিত হয়। এর ধারাবাহিকতায় শুক্রবার অনুষ্ঠিত হয় সমিতি’র দ্বি-বার্ষিক নির্বাচন।

নির্বাচনে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করছিল। এরমধ্যে সভাপতি পদে এস এম মনিরুল ইসলাম সরদার টুয়েল, আলাউদ্দিন ও মশিয়ার রহমান সাধারণ সম্পাদক পদে নির্বাচন করেন।

শুক্রবার সকাল ১০টার সময় কোটচাঁদপুর আলামিন মাধ্যমিক বিদ্যালয়ের দুই কক্ষের দুইটি বুথে ভোট গ্রহন শুরু হয়। মোট ভোটার সংখ্যা ছিল ৫৪ টি। এর মধ্যে পোল হয়েছে ৪৭ ভোট। যার মধ্যে আলাউদ্দিন ৩৩ ভোট পেয়ে সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছে। তার নিকটতম প্রতিদ্বন্দি প্রার্থী মশিয়ার রহমান পেয়েছেন ১৪ ভোট।

অন্যদিকে সভাপতি পদে কোন প্রতিদ্বন্দি প্রার্থী না থাকায় আগেই সভাপতি নির্বাচিত হয়েছেন এস এম মনিরুল ইসলাম টুয়েল।

মুজিবনগরে মাদক সন্ত্রাস ও জঙ্গিবাদমুক্ত সমাজ গঠনের প্রত্যয়ে সেমিনার

“আমিই স্বপ্ন আমিই পৃথিবী”এই মূলসুরকে সামনে রেখে মাদক সন্ত্রাস ও জঙ্গিবাদ মুক্ত সমাজ গঠনের প্রত্যয় এবং নিজের স্বপ্ন বাস্তবায়িত করার অঙ্গীকার নিয়ে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন এর ৬ নম্বর ওয়ার্ডে দিন ব্যাপি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকালের দিকে বাগোয়ান ইউনিয়ন এর ৬ নম্বর ওয়ার্ডে সদস্য মি: বাবুল মল্লিক এর উদ্যোগে এবং বল্লভপুর ইয়োথ-কাম কমিউনিটি সেন্টারের আয়োজনে কলেজ পড়ুয়া ছাত্র-ছাত্রীদের নিয়ে বল্লভপুর ইম্মানূয়েল চার্চে দিন ব্যাপি এই সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকার।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট রুত শোভা মন্ডল, বীর মুক্তিযোদ্ধা ভিন্সেন্ট মন্ডল, বীর মুক্তিযোদ্ধা পটলা মল্লিক, নারীনেত্রী মঞ্জু মল্লিক, ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি গনা মন্ডল, সাধারণ সম্পাদক মাইকেল মন্ডল টুইস, ইয়োথ কাম কমিউনিটি সেন্টারের সভাপতি সবুজ মল্লিক।

সেমিনারে আমন্ত্রিত অতিথিবৃন্দ পর্যায়ক্রমে ছাত্র-ছাত্রীদের মাঝে সমাজ উন্নয়নমূলক এবং নিজেদের স্বপ্ন বাস্তবায়িত করার জন্য বিভিন্ন বিষয়ের উপর আলোচনা করেন।দিন ব্যাপি পর্যায় ক্রমে আলোচনা করেন।

ট্রান্সকম কোম্পানির ফাইনান্স একাউন্টস অফিসার মিস্টার টুটুল মন্ডল, বল্লভপুর মিশন হাসপাতালে এডমিন আলফ্রেড বিনিময় বিশ্বাস, যুবনেতা হাসানুজ্জামান লালটু এসময় উপস্থিত ছিলেন।